# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ধলাই সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য এপর্যন্ত ১৪ জন প্রার্থীর মনোনয়নপত্র দাখিল ।আগামীকাল মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ।

২) উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর কৃষ্ণগুরু আর্ন্তজাতিক আধ্যাত্মিক যুবসমাজ গৌহাটীর একবিংশ সমাবর্তনে অংশ নিতে আগামী ২৭ শে অক্টোবর গৌহাটীতে ।

৩) ষ্টেনফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রস্তুত করা বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় গৌহাটী বিশ্ববিদ্যালয়ের পাঁচজন অধ্যাপকের নাম অর্ন্তভুক্ত ।

এবং

৪) প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চতুর্থ শ্রেণীর পরীক্ষা অনুষ্ঠিত করার জন্য সব জেলা প্রশাসনের যাবতীয় ব্যাবস্থা গ্রহণ ।

---

ধলাই সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ নির্বাচনের জন্য আজ ৯ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন ।এই নিয়ে এ পর্যন্ত ১৪ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন ।আগামীকাল উপ নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ।

ধলাই আসনে বিজেপি প্রার্থী নিহাররঞ্জন দাস আজ মনোনয়নপত্র দাখিল করেন ।আজ শ্রী দাস জেলার অভিবাবক মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া সহ দলের শীর্ষ নেতৃবৃন্দকে নিয়ে জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়নপত্র দাখিল করেন । এ উপলক্ষে শিলচরের টাউন ক্লাব ময়দানে আজ এক সভা অনুষ্ঠিত হয় । সভায় অভিভাবক মন্ত্রী শ্রী বরুয়া তার ভাষনে পরিবর্তনের স্বার্থে এবং ধলাইর উন্নয়নকে ত্বরান্বিত করতে বিজেপি প্রার্থী নীহাররঞ্জন দাস সক্রিয় ভূমিকা পালন করবেন বলে মন্তব্য করেন ।

এদিকে সামাগুড়ি আসনের কংগ্রেস প্রার্থী টানজিল হুসেইন আজ মনোনয়নপত্র দাখিল করেন । মনোনয়নপত্র দাখিল করার সময় সাংসদ গৌরব গগৈ , রকিবুল হুসেইন ও বিধায়ক তথা বিধানসভার বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া উপস্থিত ছিলেন ।এই আসনে বিজেপি প্রার্থী দিপ্লুরঞ্জন শর্মা আগামীকাল মনোনয়নপত্র দাখিল করবেন ।

৩১ নম্বর সিদলী বিধানসভা আসনে আজ এন ডি এ সমর্থিত ইউ পি পি এল এর প্রার্থী নির্মল কুমার ব্রহ্ম মিত্রজোটের বেশ কয়েকজন নেতার উপস্থিতিতে কাজলগ্রামে জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়নপত্র দাখিল করেন ।এই আসনের কংগ্রেস প্রার্থী সঞ্জীব ওয়ারী গতকাল মনোনয়নপত্র দাখিল করেন । এদিকে কংগ্রেস দল বিহালী আসনের জন্য জয়ন্ত বরাকে আজ প্রার্থীত্ব প্রদান করে ।এই আসনটি আসাম সম্মিলিত মোর্চার প্রার্থীকে প্রদান করার কথা থাকলে ও শেষ মুহুর্তে কংগ্রেস দলীয় প্রার্থীকে প্রার্থীত্ব প্রদান করে ।

---

কাছাড় জেলা নির্বাচনী আধিকারিক এজ বিজ্ঞপ্তীতে জানিয়েছেন আসন্ন ধলাই উপ-নির্বাচনের জন্য প্রথম পর্যায়ের প্রশিক্ষণ আগামীকাল সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত এবং দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে চারটা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

---

উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখড় আগামী ২৭ শে অক্টোবর গৌহাটীতে আসছেন । তিনি ঐদিন এক অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । উপরাষ্ট্রপতি তার এই সফরকালে কৃষ্ণগুরু আর্ন্তজাতিক আধ্যাতিক যুব সমাজ গৌহাটীর একবিংশ সমাবর্তনে অংশ নেবেন । এরপর তার রাজভবনে যাবার কথা রয়েছে বলে জানানো হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭ শে অক্টোবর আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে অনুষ্ঠানটির ১১৫ তম পর্ব ।

এই পর্বের জন্য প্রধানমন্ত্রী জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন ।জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ এই শুল্কবিহীন নম্বরে ফোন করে তাদের পরামর্শ দিতে পারবেন । সেইসঙ্গে নরেন্দ্র মোদী এ্যাপ অথবা মাই গভ মুক্ত মঞ্চের মাধ্যমেও পরামর্শ দেওয়া যাবে । আগামীকাল পর্যন্ত প্রাপ্ত পরামর্শগুলো বিবেচনাযোগ্য হবে ।

আকাশবাণী-দূরদর্শনের সমগ্র নেটওয়র্ক সহ আকাশবাণী নিউজের ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমে এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবানি ,দূরদর্শন নিউজ ,প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের ইউটিউব চ্যানেলেও এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবানী মন কী বাত প্রচারের অব্যবহিত পরেই অনুষ্ঠানটির আঞ্চলিক ভাষায় রূপান্তর প্রচার করবে ।

---------------------------------------------------------------------------------------

অর্থনৈতিক পরিক্রমা বিষয়ক কেবিনেট সমিতি আজ যোগাযোগ ব্যবস্থা উন্নীতকরণ , পরিবহন ব্যয় হ্রাস করার লক্ষে ৬ হাজার ৭৯৮ কোটি টাকার দুটি রেল প্রকল্পে অনুমোদন দিয়েছে । এই প্রকল্পের দ্বারা উত্তরপূর্বাঞ্চল , উত্তরপ্রদেশ ও সীমান্ত অঞ্চলে রেল যোগাযোগ উন্নত হবে বলে আশা করা হচ্ছে । এই প্রকল্পের অধীনে উত্তর বিহারে ২৫৬ কিলোমিটার রেলপথ দ্বৈতকরণেও অনুমোদন জানানো হয়েছে । এই প্রকল্পগুলি ১০৬ লক্ষ কর্মদিন সৃষ্টি করে প্রত্যক্ষ নিয়োগের সুবিধা প্রদান করবে বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার সমগ্র দেশে ডাই এমোনিয়াম ফসফেট ডি এ পির সঙ্কট সম্পর্কে সংবাদ মাধ্যমে প্রকাশিত খবর ভূঁয়ো তথা বিভ্রান্তিকর বলে প্রকাশ করেছে । এক প্রেস বিবৃতিতে রাসায়নিক এবং সার মন্ত্রণালয় স্পষ্ট করে দিয়েছে যে ডি এ পির ক্ষেত্রে সরকারী সাহায্য হ্রাস করা হয়নি এবং এর সর্ব্বোচ্চ খুচরা মূল্য কোভিডের সময় থেকে প্রতি ৫০ কিলোগ্রামে এক হাজার ৩৫০ টাকা করে রাখা হয়েছে । এছাড়া মন্ত্রণালয়ের তথ্য অনুসারে ২০২৪-২৫ বর্ষের জন্য মোট বাজেট ১৪ হাজার ৪৭৫ কোটি টাকা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে । ডি এ পির উপলব্ধতায় বেশকয়েকটি ভূ-রাজনৈতিক প্রভাব পড়েছে বলে মন্ত্রনালয় বিবৃতিতে উল্লেখ করেছে । তবে চলতি বছরের সেপ্টেম্বর থেকে নভেম্বর পর্যন্ত ডি এ পির উপলব্ধতা বৃদ্ধির জন্য সার বিভাগ বিশেষ প্রচেষ্টা হাতে নিয়েছে বলেও মন্ত্রণালয় জানিয়েছে ।

---

ষ্টেনফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রস্তুত করা বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় গৌহাটী বিশ্ববিদ্যালয়ের পাঁচজন অধ্যাপকের নাম অর্ন্তভুক্ত হয়েছে । বিভিন্ন মানদন্ডের ভিত্তিতে প্রস্তুত করা এই তালিকায় রসায়ন বিজ্ঞান বিভাগের অধ্যাপক প্রদীপ কুমার ফুকন এবং একই বিভাগের প্রাক্তন অধ্যাপক কৃষ্ণগোপাল ভট্টাচার্য্য এবং সহকারী অধ্যাপক ড.রঞ্জিত ঠাকুরিয়ার নাম অর্ন্তভুক্ত হয়েছে । অন্যদিকে গণিত বিভাগের অধ্যাপক বিপন হাজারিকা এবং উদ্ভিদ বিভাগের প্রাক্তন সহকারী অধ্যাপক ড.অরবিন্দ ঘোষের নামও এই তালিকায় রয়েছে । গৌহাটী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ননীগোপাল মহন্ত অধ্যপকদের এই সাফল্যের জন্য অভিনন্দন জানিয়ে ভবিষ্যতে এই সংখ্যা বৃদ্ধি করার জন্য বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষক তথা গবেষক ছাত্র -ছাত্রীকে গবেষণামূলক কাজে মনোনিবেশ করার আহ্বান জানান ।

---

পূর্ব মধ্য বংগোপসাগরে সৃষ্টি হোয়া ঘূর্নিঝর ডানার প্রভাবে আসামের আবহাওয়া মেঘলা হয়ে থাকা সহ কোনো কোনো স্থানে হালকাধরনের বৃষ্টি হচ্ছে ।ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ সূত্রে জানানো হয়েছে যে আজ রাতে বা আগামীকাল ভোরে এই ঝর ওড়িষ্যার উপকূল পৌছনোর সম্ভাবনা রয়েছে । বিভাগ এই ঝর প্রতিঘন্টায় ১০০ থেকে ১২০ কিলোমিটার বেগে বইবে বলে সতর্কতা জারি করেছে ।এই ঝরের ফলে ওড়িষার কেন্দ্রপারা , বালেশ্বর ও ভদ্রক জেলার  সর্বাধিক ক্ষতি হতে পারে বলে আশংকা করা হচ্ছে রাজ্যের অন্য ১১ টি জেলায় ও ধারাবাহিক বৃষ্টি হবার সম্ভাবনা রয়েছে । এই ঝরের জন্য ভুবনেশ্বরে বিমান সেবা আজ বিকেল ৫ টা থেকে আগামীকাল সকাল ৯ টা পর্যন্ত বাতিল করা হয়েছে ।

---

আগামী ২৭ শে অক্টোবর অর্থাৎ আগামী রবিবার আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চতুর্থ শ্রেণীর পরীক্ষা অনুষ্ঠিত করার জন্য রাজ্য সরকারের নির্দেশ অনুযায়ী প্রতিটি জেলা প্রশাসন যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ একথা জানিয়ে বলেন যে পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে পরিচালনার জন্য সব প্রচেষ্টা অব্যাহত রয়েছে । পরীক্ষার্থীদের যাতায়াতে ক্ষেত্রে সুবিধা প্রদানের উদ্দেশ্যে উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ে ঐ দিন বিশেষ রেল চলাচলের ব্যবস্থা গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানান । ড: শর্মা ছাত্র ছাত্রীদের পরীক্ষার জন্য আগাম শুভেচ্ছা জানিয়েছেন ।

---

কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট আগামী ২৭শে অক্টোবর অনুষ্টেয় অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চতুর্থ শ্রেনীর পদের লিখিত পরীক্ষার জন্য কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে পরীক্ষার্থীরা পরীক্ষা হলে মোবাইল ফোন , স্মার্ট ঘড়ি , হেলথ ব্যান্ড , ইলেকট্রনিক পেন ,ক্যালকুলেটার , পেনড্রাইভ ,কাগজের বিট নিয়ে প্রবেশ করতে পারবেন না । এছাড়া জেলা ম্যাজিষ্ট্রেট মৃদুল যাদব ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা -২০২৩ এর ১৬৩ ধারার অধীনে প্রতিটি পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী ও অনুমোদিত ব্যাক্তি ছাড়া জমায়েত নিষিদ্ধ করা হয়েছে ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় নভেম্বর মাসের প্রধানমন্ত্রী গরিব কল্যান যোজনার চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে অন্তোদয় অন্নপূর্ন যোজনার অধীনে কার্ড প্রতি ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়োরিটি হাউসহোল্ড কার্ড প্রতি পাঁচ  কিলোগ্রাম করে চাল বরাদ্দ করা হয়েছে । জেলার রেশন দোকান মালিকদের আগামী ৩১শে অক্টোবরের মধ্যে চাল সংগ্রহ করে অন্ন সেবার দিনগুলিতে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা ক্রীড়া আধিকারিক জিমলি বরা জানিয়েছেন যে আগামী ১৩ই নভেম্বর থেকে অনুষ্ঠেয় খেল মহারণের জন্য জেলার স্কুল-কলেজ এবং পঞ্চায়েতকে নিয়ে বর্তমানে এক লক্ষ ৪৫ হাজারেরও অধিক খেলোয়াড় খেল মহারনের জন্য নাম নথিভুক্ত করেছেন । তিনি জানান যে ১৩ নভেম্বর থেকে ২০ নভেম্বর পর্য্যন্ত গ্রাম পঞ্চায়েত স্তরের প্রতিযোগীতা অনুষ্টিত হবে । আগামী দোসরা ডিসেম্বর থেকে ৮ই ডিসেম্বর পর্য্যন্ত বিধানসভা ভিত্তিক , ১৫ ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বরের মধ্যে জেলা পর্য্যায়ের প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । এবছর সংযোজন করা নতুন খেলাগুলির মধ্যে রয়েছে দাবা, সাতার এবং ট্রেডিশনাল সাইক্লিং ।

---